দৈনিক বাংলা

তারিখ ... 4 JAN 1989 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 2 ...

৩৩

# ইংরেজী শিক্ষার মান বাড়াতে হবেঃ শেখ শহীদ

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম মঙ্গলবার বলেন প্রথম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত বাধ্যতামূলক দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজী প্রবর্তন দেশের শিক্ষার মান বৃদ্ধির সহায়ক হবে। এর ফলে বাংলাদেশী ছাত্ররা আন্তর্জাতিক ভাষায় ব্যাপক জ্ঞানার্জনের সুবিধা পাবে।

মঙ্গলবার সন্ধ্যায় তিনি তার সরকারী বাসভবনে বাসসকে

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## শেখ শহীদ

(প্রথম পৃঃ পর)

জানান, এতদিন তৃতীয় থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ইংরেজী বাধ্যতামূলক ছিল।

প্রথম ও দ্বিতীয় শ্রেণীতে ইংরেজী প্রবর্তনের সাম্প্রতিক সিদ্ধান্তে ছাত্রছাত্রীরা তাদের শিক্ষা জীবনের প্রথম থেকেই বাংলার সঙ্গে সঙ্গে ইংরেজী অক্ষর শেখার সুযোগ পাবে।

এর আগে তৃতীয় শ্রেণীতে ইংরেজী শেখার ব্যবস্থা থাকায় ছাত্রছাত্রীর অসুবিধার সম্মুখীন হতো। এতে তারা ইংরেজী শেখার জন্য কম সময় পেতো বলে তিনি জানান।